

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

[ মূসক অভ্যন্তরীণ অব্যাহতি শাখা ]

নথি নং- ১(৭) মূসক অভ্যন্তরীণ অব্যাহতি/২০১১/০০


তারিখঃ ২৮-০১-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ মূসক অব্যাহতি প্রদান সম্পর্কিত।

সূত্রঃ (১) বাংলাদেশ স্কাউটস এর পত্র নং- বাঃস্কাঃ(হিঃ বিঃ)/১৩৩৮/২০১৬, তারিখঃ ০৩/০১/২০১৬খ্রিঃ।  
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.১২, তারিখঃ ১৯/০৬/২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত (১) নং পত্রের মাধ্যমে বাংলাদেশ স্কাউটস কর্তৃপক্ষ তাদের প্রদত্ত প্রশিক্ষণ, প্রোগ্রামসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন ব্যয়ের বিপরীতে সূত্রীয় (২) নং পত্রের মাধ্যমে জারিকৃত ব্যাখ্যাপত্রের আলোকে মূসক অব্যাহতি প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানিয়েছে। পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর অনুবিভাগ কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, সরকারি অর্থে সরকার কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ব্যয়, যথা: নগদ অর্থে পরিশোধিতব্য প্রশিক্ষণের সম্মানি, প্রশিক্ষণার্থীদের প্রদত্ত সম্মানি বা ভাতা, টিএ/ডিএ, খাবার ভাতা ও প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ের জন্য নগদ প্রদত্ত অর্থ মূসকযোগ্য হবে না। তবে, উল্লিখিত কার্যক্রমসমূহ পরিচালনার জন্য যে সব পণ্য/সেবা ক্রয় করা হয় তা (প্রযোজ্য ক্ষেত্রে) উৎসে মূসক কর্তনযোগ্য হবে। অর্থাৎ প্রশিক্ষণ আয়োজনকারী সরকারি প্রতিষ্ঠান সরকারি অর্থে টেন্ডার, কোটেশন বা অন্যবিধভাবে কোন পণ্য/সেবা ক্রয় করলে- সেক্ষেত্রে উৎসে মূসক কর্তনযোগ্য হবে।

০২। বিষয়টি আপনার অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



(মোঃ শামসুল আরেফিন খান)

দ্বিতীয় সচিব (মূসক)

(অভ্যন্তরীণ অব্যাহতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৪৪০

ই-মেইল: [arafin28@gmail.com](mailto:arafin28@gmail.com)

প্রাপকঃ

প্রধান জাতীয় কমিশনার  
বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল  
ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ১৬০/এ আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।